গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

নং-৫৪.০০.০০০০.০৩৫.০৬.০০৫.২০২০-৭৮

তারিখ: ১০ ভাদ্র ১৪২৭ / ২৫ আগস্ট ২০২০

বিষয়: এপিএ টীমের মাসিক সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে ২৪.০৮.**২০২০** তারিখে অনুষ্ঠিত রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীমের মাসিক সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হ'ল।

সংযুক্তি: বর্ণনামতে।

২৫/৮/২০২০

(মোহাম্মদ জহিরুল ইসলাম)
উপসচিব
ফোন: ০১৭১১ ৬৯ ২৯ ২৭
ই-মেইল: ime2@mor.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা
২। অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন ও পরিকল্পনা/অডিট ও আইসিটি/আইন ও ভূমি) রেলপথ মন্ত্রণালয়, ঢাকা।
৩। সরকারি রেল পরিদর্শক, রেলপথ পরিদর্শন অধিদপ্তর, ফুলবাড়ীয়া, ঢাকা।
৪। যুগ্ম সচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্ম প্রধান, রেলপথ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-১/৩/৪, উন্নয়ন-১/২/৩, অডিট, বা: প: ও মূ:-১/২), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা।
৭। সিনিয়র সহকারী সচিব (অপারেশন/পরিকল্পনা-১)/সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-২), রেলপথ মন্ত্রণালয়, ঢাকা।

**অনুলিপি:**

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় জ্ঞাতার্থে);
২। সচিবের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে);
৩। জনাব এস এম সলিমুল্লাহ বাহার, অর্থনীতিবিদ, ও সদস্য, এপিএ টীম, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।
৪। জনাব মুহাম্মাদ সাইফুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
৫। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন-২ শাখা
www.mor.gov.bd

রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) প্রণয়ন এবং অগ্রগতি আলোচনার নিমিত্তে এপিএ টীমের ২৪/০৮/২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীঃ

সভাপতি : ড. ভুবন চন্দ্র বিশ্বাস, অতিরিক্ত সচিব (বাজেট ও পরিবীক্ষণ)
তারিখ : ২৪.০৮.২০২০ খ্রিঃ
সময় : সকাল ১১.০০ ঘটিকা
স্থান : অতিরিক্ত সচিব (অডিট ও আইসিটি) এর অফিস কক্ষ (কক্ষ নং-৬২১, ৬ষ্ঠ তলা), রেলভবন, ঢাকা।

সভায় উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের জারিকৃত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি প্রণয়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২০-২১ এর ৯ নং অনুচ্ছেদে এপিএ টীমের সদস্যদের নিয়ে প্রতি মাসে সভা অনুষ্ঠানের বাধ্যবাধকতা রয়েছে। সে বিবেচনায় অদ্যকার সভা ২০২০-২১ অর্থবছরের ২য় মাসিক সভা। তিনি বর্তমান করোনা ভাইরাসজনিত মহামারীর কারণে পরিবর্তিত পরিস্থিতিতে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং তা বাস্তবায়নের ওপর গুরুত্বারোপ করেন। সভার আলোচ্যসূচী উপস্থাপনের জন্য তিনি এপিএ টীমের ফোকাল পয়েন্ট কর্মকর্তা, জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম, উপসচিব (বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন) কে আহবান জানান। ফোকাল পয়েন্ট কর্মকর্তা আলোচ্য সূচীর ধারাবাহিকতায় সভায় অবহিত করেন এবং উপস্থিত সকলে আলোচনায় অংশগ্রহণ করেন।

০৩। সভার আলোচ্য বিষয়, আলোচনা ও গৃহিত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ক) গত ২০/০৭/২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।<br>**সিদ্ধান্ত- ৩(খ)(১):** ২০২০-২১ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের এপিএ'র চূড়ান্ত খসড়া প্রস্তুতপূর্বক ৩০/০৭/২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রি প্রদান করতে হবে;<br>**সিদ্ধান্ত- ৩(খ)(২):** ২০২০-২১ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয়ের অধিনস্থ দপ্তর বাংলাদেশ রেলওয়ের এপিএ প্রণয়নসহ চুক্তি স্বাক্ষর ৩০/০৭/২০২০ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে; | রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত খসড়া প্রস্তুতপূর্বক ২৯/০৭/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগের এপিএএমএস সফটওয়্যারে এন্ট্রি প্রদান করা হয়েছে।<br><br>মাননীয় মন্ত্রী, রেলপথ মন্ত্রণালয়ের উপস্থিতিতে গত ২৮/০৭/২০২০ তারিখে ২০২০-২১ অর্থবছরের রেলপথ মন্ত্রণালয় ও এর অধিনস্থ দপ্তর বাংলাদেশ রেলওয়ের মধ্যস্থিত এপিএ চুক্তি স্বাক্ষর সম্পন্ন হয়।<br><br>এছাড়া, রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র ৪র্থ প্রান্তিকের প্রতিবেদন ও বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন গত ২৩/৭/২০২০ তারিখে বিশেষজ্ঞ পুলের সভায় যাচাই পরবর্তীতে একই তারিখে অনুষ্ঠিত BMC সভায় অনুমোদন করা হয়। অনুমোদিত প্রতিবেদন এবং প্রমাণকের স্ক্যান কপি গত ১০/০৮/২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। | এপিএ টিমের গত ২০/০৭/২০২০ তারিখের মাসিক সভার সিদ্ধান্তসমূহ সময়াবদ্ধ পরিকল্পনা মোতাবেক ১০০% (শতভাগ) বাস্তবায়ন হয়েছে এবং প্রক্রিয়াধীন বিষয়সমূহ বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। | সংশ্লিষ্ট অংশীজন কর্তৃক বাস্তবায়িত। |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| **সিদ্ধান্ত- ৩(গ)(১):** রেলপথ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র ৪র্থ প্রান্তিকের প্রতিবেদন, বার্ষিক মূল্যায়ন প্রতিবেদন এবং প্রমাণকের স্ক্যান কপি ১০/০৮/২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | | | |
| খ) বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত মূল্যায়ন। | মন্ত্রিপরিষদ বিভাগের ১৭/০৬/২০২০ তারিখের স্মারক নং- ০৪.০০.০০০০.৮৪২.৩৪.০০১.১৯ এর নির্দেশনা অনুযায়ী রেলপথ মন্ত্রণালয় কর্তৃক বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন যাচাইপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগে ৩০/০৮/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। সভায় উপস্থিত বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধি জনাব সালিমুল্লাহ বাহার, অর্থনীতিবিদ জানান, বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন ২৫/০৮/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করা হবে। | ১) বাংলাদেশ রেলওয়ের ২০১৯-২০ অর্থবছরের এপিএ'র চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন নির্দেশনা অনুযায়ী ৩০/৮/২০২০ তারিখের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীম, বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ এবং বাংলাদেশ রেলওয়ে। |
| গ) রেলপথ মন্ত্রণালয় ও বাংলাদেশ রেলওয়ের মধ্যে ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সংশোধনী (যদি থাকে)। | সভায় উপস্থিত জনাব সালিমুল্লাহ বাহার, অর্থনীতিবিদ, বাংলাদেশ রেলওয়ে জানান, ২০২০-২১ অর্থবছরের বাংলাদেশ রেলওয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে কোন সংশোধনীর প্রয়োজন নাই, যা মন্ত্রিপরিষদ নির্ধারিত ০৬/০৯/২০২০ তারিখের পূর্বেই রেলপথ মন্ত্রণালয়কে অবহিত করা হবে। | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী ৩০/০৯/২০২০ তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র সংশোধনী (যদি থাকে) সম্পর্কে রেলপথ মন্ত্রণালয় মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীম, বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ এবং বাংলাদেশ রেলওয়ে। |
| ঘ) বাংলাদেশ রেলওয়ের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের অগ্রগতি। | রেলপথ মন্ত্রণালয়ের এপিএ'র সুষ্ঠু বাস্তবায়নের জন্য বাংলাদেশ রেলওয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র মাসভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত পরিবীক্ষণের বিষয়টি সভাপতি বিশেষভাবে উল্লেখ করেন। সভায় উপস্থিত বাংলাদেশ রেলওয়ের প্রতিনিধি জানান, নির্দেশনা মোতাবেক নিয়মিতভাবে উক্ত প্রতিবেদন দাখিল করা হবে। | প্রতি মাসের ০৭ (সাত) তারিখের মধ্যে বাংলাদেশ রেলওয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র মাসভিত্তিক বাস্তবায়নের অগ্রগতি প্রতিবেদন রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীম, বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ, জিআইবিআর এবং বাংলাদেশ রেলওয়ে। |

| আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ঙ) বিবিধ | রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র কর্মসম্পাদন সূচকসমূহ অবহিতকরণ ও কর্মপন্থা নির্ধারণের জন্য এপিএ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের জন্য সভায় আলোচনা হয়। সভাপতি জানান, এপিএ স্বাক্ষরের পূর্ব পর্যন্ত মন্ত্রণালয়ের চূড়ান্ত এপিএ সম্পর্কে নিশ্চিত বলা যাবে না। তথাপি, সময়াবদ্ধ কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নের স্বার্থে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরিত ২০২০-২১ অর্থবছরের এপিএ'র কর্মসম্পাদন সূচকসমূহ অবহিতকরণ ও কর্মপন্থা নির্ধারণের জন্য এপিএ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হবে। | রেলপথ মন্ত্রণালয়ের ২০২০-২১ অর্থবছরের এপিএ'র কর্মসম্পাদন সূচকসমূহ অবহিতকরণ ও কর্মপন্থা নির্ধারণের জন্য এপিএ বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা আয়োজন করতে হবে। | রেলপথ মন্ত্রণালয়ের এপিএ টীম এবং বাজেট ও পরিবীক্ষণ অনুবিভাগ। |

০৪। সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৪/০৬/২০২০

ড. ভুবন চন্দ্র বিশ্বাস
দলনেতা, এপিএ টীম
এবং
অতিরিক্ত সচিব
(বাজেট ও পরিবীক্ষণ)
রেলপথ মন্ত্রণালয়